মার্কেন্টাইল ব্যাংক পিএলসি.

কুমিল্লা শাখা, কুমিল্লা

অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২(৩) ধারার বিধান মোতাবেক

বন্ধকী সম্পত্তি বিক্রয়ের নিলাম বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., কুমিল্লা শাখা, কুমিল্লা-এর খেলাপী ঋণগ্রহীতা, "মেসার্স স্মৃতি এন্টারপ্রাইজ" এর স্বত্বাধিকারী- জনাব মোঃ মোশারফ হোসেন, পিতাঃ মৃত ইদ্রিস মিয়া, মাতাঃ কুলসুম বেগম, ব্যবসায়িক ঠিকানাঃ দক্ষিণ চর্থা, খিরা পুকুর পাড় (মসজিদ সংলগ্ন), আদর্শ সদর, কুমিল্লা এর নিকট ৩০/০৯/২০২৬ ইং তারিখ পর্যন্ত সুদাসল ও অন্যান্য খরচাসহ অত্র ব্যাংকের মোট পাওনা ৩,৫৬,২৪,০৭৪.২০ (তিন কোটি ছাপ্পান্ন লক্ষ চব্বিশ হাজার চুয়াত্তর টাকা বিশ পয়সা) মাত্র এবং আদায়কালতক সুদ ও অন্যান্য পাওনা আদায়ের নিমিত্তে ঋণের বিপরীতে মোঃ মোশারফ হোসেন, পিতাঃ মৃত ইদ্রিস মিয়া, জননী হাউজ-১৪৩, দক্ষিণ চর্থা-২, রাস্তা নং/নাম: খিরা পুকুর পাড় মসজিদ রোড, ডাকঘর: কুমিল্লা প্রধান ডাকঘর-৩৫০০, কুমিল্লা আদর্শ সদর, কুমিল্লা পৌরসভা, কুমিল্লা কর্তৃক অত্র ব্যাংকের অনুকূলে বন্ধকীকৃত ও আম-মোক্তারনামা দলিলবলে বিক্রয়ের ক্ষমতাপ্রাপ্ত নিম্ন তফসিল বর্ণিত জমি নিলাম বিক্রয়ের লক্ষ্যে আগ্রহী নিলাম ক্রেতাদের নিকট হতে নিম্ন বর্ণিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী

১. আগ্রহী দরদাতাগণকে তার বা তাদের নিজস্ব প্যাডে বা সাদা কাগজে আগামী ০৭/১২/২০২৬ ইং তারিখ বিকাল ৩.০০ ঘটিকার মধ্যে স্পষ্ট অক্ষরে নিলাম ক্রেতার নাম, ঠিকানা, টেলিফোন নম্বর, প্রদত্ত দর অংকে ও কথায় লিখিয়া দরপত্র সীলমোহরকৃত খামে এবং খামের উপর 'সম্পত্তি ক্রয়ের দরপত্র' লিখিয়া অত্র শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র জমা দিতে হবে এবং ঐ দিন বিকাল ৩:৩০ ঘটিকায় ব্যাংক কর্তৃপক্ষ দরদাতা বা তার/তাদের প্রতিনিধিদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খুলবেন। রেজিস্ট্রিকৃত ডাকে প্রেরিত দরপত্র উক্ত তারিখে নির্দিষ্ট সময়ের মধ্যে পৌছাতে হবে। দরপত্রে দরদাতার নাম, পিতা/মাতা/স্বামীর নাম, ঠিকানা, টেলিফোন নং, কোম্পানী/ফার্মের ক্ষেত্রে তার নিবন্ধিত কার্যালয়ের ঠিকানা উল্লেখ করতে হবে। দরপত্রের সাথে দরদাতার জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

২. প্রত্যেক দরদাতাকে উদ্ধৃত দর অনূর্ধ্ব দশ লক্ষ টাকা হলে উহার ২০%, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকা হলে উহার ১৫% এবং উদ্ধৃত দর পঞ্চাশ লক্ষ টাকার অধিক হলে উহার ১০% এর সমপরিমাণ টাকা জামানতস্বরূপ যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., কুমিল্লা শাখা, কুমিল্লা- এর অনুকূলে দরপত্রের সাথে দাখিল করতে হবে।

৩. অনূর্ধ্ব দশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৩০ (ত্রিশ) দিবসের মধ্যে, দশ লক্ষ টাকা অপেক্ষা অধিক এবং অনূর্ধ্ব পঞ্চাশ লক্ষ টাকার উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৬০ (ষাট) দিবসের মধ্যে এবং পঞ্চাশ লক্ষ টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করতে হবে। ব্যর্থতায় ব্যাংক কর্তৃপক্ষ জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৪. উপরোক্ত অনুচ্ছেদ-৩ এর অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হলে বাজেয়াপ্তকৃত অর্থ এবং ২য় সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য একত্রে সর্বোচ্চ দরদাতার উদ্ধৃত মূল্য অপেক্ষা কম না হলে কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি খরিদ করতে আহ্বান করতে পারবেন। ২য় সর্বোচ্চ দরদাতাকে অনুচ্ছেদ-৩ এ বর্ণিত সময়ের মধ্যে উদ্ধৃত দরের সমুদয় অর্থ পরিশোধ করতে হইবে, অন্যথায় ব্যাংক ২য় সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত করতে পারবে।

৫. আগ্রহী দরদাতাগণ দরপত্র প্রদানের পূর্বে সংশ্লিষ্ট শাখায় রক্ষিত তফসিল বর্ণিত সম্পত্তির মালিকানা সংক্রান্ত দলিলাদি যাচাই বাছাই করিতে পারবেন। দরপত্র দাখিলের পর মালিকানা বিষয়ক কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৬. মার্কেন্টাইল ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ছাড়াই যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের অধিকার সংরক্ষণ করেন।

৭. কৃতকার্য দরদাতাকে সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত খরচসহ ট্যাক্স ও অন্যান্য খরচাদি (সরকারি, বেসরকারি ও স্বায়ত্তশাসিত সংস্থার পাওনা) বহন করতে হবে।

৮. দরপত্র জমা দেয়ার পরে বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, আকৃতি, প্রকৃতি, অবস্থান ও স্বত্বের দলিলপত্র সম্পর্কে দরদাতার কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না।

৯. সফল দরদাতাকে অর্থঋণ আদালত আইন, ২০০৩ এবং পরবর্তী সংশোধনী আইন, ২০০৪ মোতাবেক দখল প্রদান বা বুঝাইয়া দেওয়া হইবে।

১০. প্রয়োজনে নিলাম ক্রেতার অনুকূলে দখল হস্তান্তরের জন্য স্থানীয় অধিক্ষেত্রের জেলা ম্যাজিস্ট্রেটের মাধ্যমে আইনানুগ সহযোগিতা প্রদান করা হইবে। দখল সংক্রান্ত যাবতীয় খরচ নিলাম ক্রেতাকেই বহন করিতে হইবে।

সম্পত্তির তফসিল

তফসিল: ০১	জেলাঃ কুমিল্লা, থানা: আদর্শ সদর, সাব রেজিস্ট্রি অফিসঃ সদর, মৌজা: দক্ষিণ চর্থা, জে এল. নং: পুরাতন-২৯৪ ও নতুন-১৫৩, খতিয়ান নংঃ সি.এস.- ৪,১৭, আর.এস-১৮০, বি.এস- ১০৮২, মিউটেশন-১৮৩৯, দাগ নং ঃ সি.এস.-৪১২,৪০৯, আর.এস-৫৩৫, ৫৩৭, বি.এস-২৬০৭। ভূমির পরিমাণ ১২.১২ শতাংশ এবং তদস্থিত ১ (এক) তলাবিশিষ্ট ভবনসহ যাবতীয় নির্মাণাদি ইত্যাদি যাহা কিছু আছে এবং হইবে। উহার উপর নির্মিত এবং নির্মিতব্য যাবতীয় স্থাপনাদি (যদি থাকে)। চৌহদ্দিঃ উত্তরে- রাস্তা, দক্ষিণে- হাজি আবু তাহের ও রাস্তা, পূর্বে- জাকির হোসেন, পশ্চিমে- আব্দুল খালেক খন্দকার। জমির মালিক: মোঃ মোশারফ হোসেন।
তফসিল: ০২	জেলাঃ কুমিল্লা, থানা: আদর্শ সদর, সাব রেজিস্ট্রি অফিস: সদর, মৌজা: দক্ষিণ চর্থা, জে এল. নং: পুরাতন-২৯৪ ও নতুন-১৫৩, খতিয়ান নং: সি.এস.- ৪,১৭, আর.এস-১৮০, বি.এস-১০৮২, মিউটেশন-২০২৪, দাগ নং ঃ সি.এস. ৪১২,৪০৯, আর.এস-৫৩৫, ৫৩৭, বি.এস-২৬০৭। ভূমির পরিমাণ ৪.০০ শতাংশ এবং তদস্থিত এবং তদস্থিত ২ (দুই) তলাবিশিষ্ট ভবনসহ যাবতীয় নির্মাণাদি ইত্যাদি যাহা কিছু আছে এবং হইবে। উহার উপর নির্মিত এবং নির্মিতব্য যাবতীয় স্থাপনাদি (যদি থাকে)। চৌহদ্দিঃ উত্তরে- মোঃ মোশারফ হোসেন, দক্ষিণে- হাজি আবু তাহের ও রাস্তা, পূর্বে- সোহেল হোসেন, পশ্চিমে-তাহমিনা আক্তার। জমির মালিক: মোঃ মোশারফ হোসেন।
তফসিল: ০৩	জেলাঃ কুমিল্লা, থানা: আদর্শ সদর, সাব রেজিস্ট্রি অফিসঃ সদর, মৌজা: দক্ষিণ চর্থা, জেএল. নং: পুরাতন-২৯৪ ও নতুন-১৫৩, খতিয়ান নংঃ সি.এস. ১, আর.এস. ১৮১, বি.এস- ১০৮২, মিউটেশন-২০২৪, দাগ নং ঃ সি.এস.-৪১১, আর.এস-৫৩৮, ৫৩৯, বি.এস-২৬০৮। ভূমির পরিমাণ ২.০০ শতাংশ। উহার উপর নির্মিত এবং নির্মিতব্য যাবতীয় স্থাপনাদি (যদি থাকে)। চৌহদ্দিঃ উত্তরে- মতুমিয়া ও অন্যান্য, দক্ষিণে- আবু তাহেরের ওয়ারিশগণ ও রাস্তা, পূর্বে-কুলসুম বেগম, পশ্চিমে- রোকেয়া বেগম ও চারু। জমির মালিক: মোঃ মোশারফ হোসেন

পক্ষেঃ ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট এবং শাখা প্রধান, মার্কেন্টাইল ব্যাংক পিএলসি., কুমিল্লা শাখা, কুমিল্লা। মোবাইল: ০১৭১৩-৩৮৪৪৯৮